



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর : ৩১-২/২০২৪(২৫০)/৪-পানি

তারিখ: ২৪/১১/২০২৪

প্রেরক: পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক: প্রধান পরীক্ষকবৃন্দ এসএসসি পরীক্ষা ২০২৪

বিষয় : প্রধান পরীক্ষকগণের নিকট রক্ষিত এসএসসি পরীক্ষা ২০২৪ এর পরীক্ষিত উত্তরপত্র বিক্রয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষা ২০২৪ এর ফলাফল ১২/০৫/২০২৪ তারিখ প্রকাশিত হয়েছে। শিক্ষা বোর্ডের বিধি মোতাবেক ১১/১১/২০২৪ তারিখ ৬ মাস পূর্ণ হওয়ায় আপনার নিকট রক্ষিত পরীক্ষিত উত্তরপত্রগুলি নিম্নে উল্লিখিত নীতিমালা অনুসরণ পূর্বক বিক্রয়ের নির্দেশ প্রদান করা হ'ল।

রাজশাহী শিক্ষা বোর্ডের ৩০-০৫-২০০৯ তারিখের ১১২তম অর্থ কমিটি এবং ২১৮তম বোর্ড সভার সিদ্ধান্ত ও ১৮-০৩-২০১৭ তারিখের ২৪১তম বোর্ড সভার ১২ নম্বর আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত মোতাবেক -

১. প্রধান পরীক্ষকগণের নিকট রক্ষিত মাধ্যমিক পরীক্ষায় মূল্যায়নকৃত পূর্ণ উত্তরপত্র ৩২(বত্রিশ)টিতে এক কেজি এবং অর্ধ উত্তরপত্র ৪২(বিয়াল্লিশ)টিতে এক কেজি ওজন বিবেচনা করে বিক্রয়ের ব্যবস্থা নিতে হবে।
২. মূল্যায়নকৃত উত্তরপত্র প্রতি কেজি বাজার দরে বিক্রয়কৃত সর্বমোট টাকার ৯৫% বিল থেকে কর্তন করা হবে।
৩. প্রধান পরীক্ষকগণ উত্তরপত্র বিক্রয়ের ব্যবস্থাপনা/আনুসংগিক খরচ বাবদ ৫% টাকা ব্যয় করতে পারবেন।
৪. বোর্ডের নির্দেশ প্রাপ্তির তারিখ থেকে ০১(এক) মাসের মধ্যেই প্রধান পরীক্ষকগণ উত্তরপত্র বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবেন।

উল্লেখ্য যে, মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং ৪৯৭৩/২০২০ এর আদেশ মোতাবেক তা বাস্তবায়নের লক্ষ্যে পরীক্ষার উত্তরপত্র বিক্রির নির্দেশ দেয়ার ১৫ (পনের) দিনের মধ্যে প্রচলিত বাজার দরে সংশ্লিষ্ট প্রধান পরীক্ষকগণের নিকট হতে উত্তরপত্রসমূহ ক্রয় করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা পথশিশু কল্যাণ ট্রাস্ট-কে অবহিত করা হয়েছে। উক্ত সময়-সীমার মধ্যে প্রধান পরীক্ষকগণের নিকট হতে উত্তরপত্র ক্রয়ে ব্যর্থ হলে প্রধান পরীক্ষকগণ প্রচলিত নিয়মানুযায়ী তা বিক্রয় করতে পারবেন।

পথ শিশু কল্যাণ ট্রাস্ট এর প্রধান নির্বাহী কর্মকর্তার

মোবা: নম্বর- ০১৭০৯-৩৭২৫৬৬, ০১৭১১-৪৩৫৫৭৯

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর : ৩১-২/২০২৪(২৫০)/৪-পানি

তারিখ: ২৪/১১/২০২৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৩. কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৪. বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৫. উপ-পরিচালক (হি: ও নি:), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
- ৭-৯. হিসাব রক্ষণ অফিসার, অডিট অফিসার, উপ-সচিব (ভান্ডার), শিক্ষা বোর্ড রাজশাহী
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, পথশিশু কল্যাণ ট্রাস্ট, ৫/২৯ সলিমুল্লাহ রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
১১. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১২. পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১০. অফিস নথি।

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ক্রিস্ট ও গোপনীয় চ:দা:)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী